

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
প্রশাসন অধিশাখা-০২
www.rdcd.gov.bd

নং- ৪৭.০০.০০০০.০৩২.০২৭.০৫.১৮-১৬৪

তারিখঃ-----
১৯ চৈত্র, ১৪২৫ বঙ্গাব্দ।
০২ এপ্রিল, ২০১৯ খ্রিষ্টাব্দ।

আদেশ

যেহেতু, জনাব মোঃ আবুল হোসেন, অধ্যাপক (উপ-নিবন্ধক), বাংলাদেশ সমবায় একাডেমী, কোটবাড়ী, কুমিল্লা বিগত ০৮-০২-২০১৭ খ্রি: তারিখ হতে কর্তৃপক্ষের অনুমোদন ব্যতীত কর্মস্থলে অনুপস্থিত থাকার কারণে তাকে সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর ৩ (বি) ধারায় অভিযুক্ত করত: বিভাগীয় মামলা রুজু করে ৫(১) ধারা মোতাবেক ১ম কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় তাকে সরকারি চাকুরি হতে কেন বরখাস্ত করা হবে না এ মর্মে উক্ত অধ্যাদেশের ৫(২) ধারা মোতাবেক ২য় কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় তাকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করে এ বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মতামত চাওয়া হয়;


যেহেতু, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেছেন;

যেহেতু, উক্ত কর্মকর্তাকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি সদয় অনুমোদন করেছেন;

এক্ষণে সেহেতু, সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ ১৯৭৯ এর ৪(এ) ধারা মোতাবেক জনাব মোঃ আবুল হোসেন, অধ্যাপক (উপ-নিবন্ধক), বাংলাদেশ সমবায় একাডেমী, কোটবাড়ী, কুমিল্লা-কে তাঁর অননুমোদিত অনুপস্থিতির তারিখ ০৮-০২-২০১৭ খ্রি: থেকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করা হল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে


(মো: কামাল উদ্দিন তালুকদার)
সচিব


১৯ চৈত্র, ১৪২৫ বঙ্গাব্দ।

নং- ৪৭.০০.০০০০.০৩২.০২৭.০৫.১৮-১৬৪/১(১০)

তারিখঃ-----
০২ এপ্রিল, ২০১৯ খ্রিষ্টাব্দ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

- ০১। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, তেজগাঁও, ঢাকা।
- ০২। নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, সমবায় ভবন, আগারগাঁও, ঢাকা (আদেশট কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণের জন্য অনুরোধ করা হল)।
- ০৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ০৪। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ০৫। সচিবের একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৬। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৭। সিস্টেম এনালিস্ট, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ০৮। জনাব মোঃ আবুল হোসেন, অধ্যাপক (উপ-নিবন্ধক), বাংলাদেশ সমবায় একাডেমী, কোটবাড়ী, কুমিল্লা (স্থায়ী ঠিকানা : পিতা- তোফাজ্জল হোসেন, গ্রামঃ কলিকাপুর, ডাকঘরঃ বামইল, থানাঃ কোতয়ালী, জেলাঃ কুমিল্লা)।
- ০৯। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।
- ১০। অফিস কপি।


(ফারহান হক)

উপসচিব (সমবায়, প্রশাসন)